গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

রিফর্মস সেল

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নৈতিকতা কমিটির জানুয়ারি-২০২৩ (৩য় ত্রৈমাসিক) মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | | মো: ওয়াহিদুল ইসলাম<br>পরিচালক |
| সভার তারিখ | | ২৫/০১/২০২৩ খ্রিঃ |
| সভার সময় | | ১২.০০ ঘটিকা |
| স্থান | | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সম্মেলন কক্ষ ও জুম অনলাইন |
| উপস্থিতি | | পরিশিষ্ট 'ক'। |

সভায় উপস্থিত (সশরীর ও জুম অনলাইন) কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদের নির্দেশনা মোতাবেক অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। তিনি শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি ও সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য সাচিবিক কর্মকর্তাকে অনুরোধ জানান।

২। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

২৫/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোনো সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি :

| সিদ্ধান্ত নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের অবস্থা ও তারিখ |
|---|---|---|---|
| ১। | যেকোনো দুর্যোগে দ্রুত শতভাগ সাড়াপ্রদানের সুবিধার্থে এবং জনগণের দোড়গোড়ায় সেবা পৌছিয়ে দেয়ার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর হটলাইন নম্বর ও সকল বিভাগের নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে; | সকল দুর্যোগে দ্রুত শতভাগ সাড়াপ্রদানের সুবিধার্থে এবং জনগণের দোড়গোড়ায় সেবা পৌছিয়ে দেয়ার লক্ষ্যে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর হটলাইন নম্বর ও সকল বিভাগের নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর ব্যাপকভাবে প্রচার করার বিষয়ে বিভাগীয় পর্যায়ের উপপরিচালকদের পত্র প্রদান করা হয়েছে; | বাস্তবায়িত (২৭ নভেম্বর ২০২২) |
| ২। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ হতে সরাসরি সেবা গ্রহণ করে এমন অংশীজনদের নিয়ে সভার আয়োজন করা বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে; | অত্র অধিদপ্তর হতে সরাসরি সেবা গ্রহণ করে এমন অংশীজনদের নিয়ে সভার আয়োজন করা হয়েছে এবং ভবিষ্যতে এ কার্যক্রম অব্যাহত থাকবে; | বাস্তবায়িত (১৩ ডিসেম্বর ২০২২) |
| ৩। | চলতি অর্থবছর ২০২২-২৩ এর অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেট) ষান্মাসিক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে অবগতকরণের বিষয়ে পত্র প্রদান করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ২০২২-২৩ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেট) যান্মাসিক লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে অবগতকরণের বিষয়ে পত্র প্রদান করা হয়েছে। | বাস্তবায়িত (০১ নভেম্বর ২০২২) |

৪। আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত :

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের কার্যক্রম [১.৫] কর্ম পরিবেশ উন্নয়ন ও ষান্মাসিক লক্ষ্যমাত্রা অর্জন করায় সভার সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ এবং অবশিষ্ট লক্ষ্যমাত্রা ত্রৈমাসিক ভিত্তিক ও যথাসময়ে অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

**গৃহীত সিদ্ধান্তসমূহ :**

| ক্রমিক নং | আলোচনা | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১। | অগ্নিপ্রতিরোধ ব্যবস্থাদি ও লাইসেন্স গ্রহণ জোরদারকরণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে অতীব গুরুত্ব প্রদান করা যেতে পারে; | জনসচেতনতা বৃদ্ধিকল্পে অগ্নিপ্রতিরোধ ব্যবস্থাদি ও লাইসেন্স গ্রহণ জোরদারকরণে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে অতীব গুরুত্ব প্রদান করার নিমিত্ত মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়; | সহকারী পরিচালক (ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন) ও উপপরিচালক(সকল বিভাগ)/ সহকারী পরিচালক/উপসহকারী পরিচালক (সকল জেলা) |
| ২। | জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বিভাগে ৫০ জন করে নতুন ভলেন্টিয়ার প্রস্তুত করার বিষয়ে আলোচনা হয়; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সেবা সম্পর্কিত বিষয়ে প্রচারণা এবং জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বিভাগে ৫০ জন করে নতুন ভলেন্টিয়ার প্রস্তুত করার নিমিত্ত বিভাগীয় পর্যায়ে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়; | পরিচালক (প্রঃ পঃ উঃ) ও উপপরিচালক (সকল বিভাগ) |

সভায় অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মো: ওয়াহিদুল ইসলাম
পরিচালক

স্মারক নম্বর: ৫৮.০৩.০০০০.০২০.৪১.০০১.২২.৩০

তারিখ: ১৬ মাঘ ১৪২৯
৩০ জানুয়ারি ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে বিতরণ :

১) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, [মহোদয়ের সদয় অবগতির জন্য]।

২) পরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (পরিকল্পনা, উন্নয়ন ও প্রশিক্ষণ)/ (১১ মডার্ন প্রকল্প), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৩) উপপরিচালক (অপারেশন ও মেইনটেনেন্স)/ (উন্নয়ন)/ (পরিকল্পনা কোষ)/ (অ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৪) অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

৬) সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (ওয়্যরহাউজ ফায়ার প্রিভেনশন)/ (ক্রয় ও স্টোর)/ (অপারেশন)/ (উন্নয়ন)/ (প্রশিক্ষণ)/ (পরিকল্পনা কোষ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

৭) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ----------------------------------------(সকল)।

৮) সিনিয়র স্টাফ অফিসার (ভারপ্রাপ্ত), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি জন্য)।

৯) উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ........................................(সকল)।

১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের জন্য)।

মো: ওয়াহিদুল ইসলাম
পরিচালক